

## সরকারি কর্মীদের সঙ্গেই পে-স্কেল চান বেসরকারি শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক >

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গেই নতুন পে-স্কেল চান বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। গতকাল শুক্রবার সকালে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধনে এ দাবি জানায় বাংলাদেশ শিক্ষক-কর্মচারী গ্রুপ পরিষদ।

মানববন্ধনে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি ও আয়োজক সংগঠনের আহ্বায়ক আবু বকর সিদ্দিক বলেন, এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা সরকারের সব সুযোগ-সুবিধা ভোগ করছেন। কিন্তু অষ্টম বেতন কমিশনের পেশ করা প্রতিবেদনে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে ছয় মাস পর তা কার্যকরের সুপারিশ করা হয়েছে। এমন বৈষম্যমূলক সুপারিশে ২৬ হাজার এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় পাঁচ লাখ শিক্ষক-কর্মচারী হতাশ।

মানববন্ধনে শিক্ষকরা আগের মতো সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে পে-স্কেল কার্যকরের বিষয়ে সরকারের পক্ষ থেকে সুস্পষ্ট ঘোষণার দাবি জানান।

মানববন্ধনে আরো বক্তব্য দেন অধ্যক্ষ মো. শাহজাহান, অধ্যাপক ড. আজিজুর রহমান, অলকা ঘোষ প্রমুখ।